



জনাব মোঃ কামাল হোসেন ০২ নভেম্বর ২০২২ খ্রি. তারিখ সিনিয়র সচিব পদে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে যোগদান করেন। ইতঃপূর্বে তিনি এ বিভাগের সচিব পদে ২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখ যোগদান করেছিলেন। এছাড়াও তিনি মন্ত্রিপরিষদ বিভাগে সচিব, সমন্বয় ও সংস্কার পদে কর্মরত ছিলেন।

তিনি ১৯৯১ সালে বিসিএস প্রশাসন ক্যাডারের ৯ম ব্যাচের একজন কর্মকর্তা হিসেবে যোগদান করেন। তিনি মাঠ পর্যায়ে রাঙ্গামাটি পার্বত্য জেলা, ব্রাহ্মণবাড়িয়া, গোপালগঞ্জ ও নোয়াখালী জেলায় কর্মরত ছিলেন। তিনি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক, সরকারি কর্ম কমিশন সচিবালয় এর পরিচালক, স্কীলস ডেভেলপমেন্ট প্রকল্পের অতিরিক্ত প্রকল্প পরিচালক, Skills For Employment Investment Program(SEIP) প্রকল্পের Deputy Executive Project Director (DEPD) এবং বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও সেলের মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও মন্ত্রণালয় পর্যায়ে তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন।

জনাব মোঃ কামাল হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বায়ো কেমিস্ট্রি বিভাগ হতে সন্মান ও মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। এছাড়া তিনি The Flinders University, Australia থেকে Public Administration এ মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। তিনি Bangladesh Civil Service College (বর্তমানে BIGM) হতে International Economic Relations এ মাস্টার্স ডিগ্রি অর্জন করেন।

জনাব মোঃ কামাল হোসেন এর পিতা জনাব এস এম আবুল হাসেম, মাতা জনাব মোসা: রিজিয়া খাতুন। তাঁর সহধর্মিণী জনাব সুলতানা পারভীন একজন গৃহিণী। পারিবারিক জীবনে তিনি এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক।